দৈনিক ইত্তেফাক

তারিখ 14 FEB 1992
পৃষ্ঠা ৮ কলাম ৩

২৩

# ক্যাম্পাসে আবার উত্তেজনা

ইত্তেফাক রিপোর্ট ॥ ক্যাম্পাস পরিস্থিতির আবার অবনতি ঘটিয়াছে। গতকাল বৃহস্পতিবার সায়েন্স এনেক্স এলাকায় দোলন নামে ছাত্রদলের এবং বুধবার এলিফ্যান্ট রোডে নিশাত নামে ছাত্রলীগের (আ-অ)

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাস

(১ম পৃঃ পর)

একজন কর্মী প্রহৃত হয়। এই ঘটনার পর ৩।৪টি হলে উত্তেজনা বৃদ্ধি পাইয়াছে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল এক জরুরী সভায় ক্যাম্পাসের সাম্প্রতিক পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করিয়াছে। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত হল প্রভোষ্টদের এই সভায় বলা হয়, বুধবার এলিফ্যান্ট রোডে নিশাত নামে জহুরুল হক হলের একজন ছাত্র এবং গতকাল সায়েন্স এনেক্স ভবনে দোলন নামে জিয়াউর রহমান হলের একজন ছাত্র প্রহৃত হওয়ার পর ক্যাম্পাসে পরিস্থিতি কিছুটা অবনতি হইয়াছে। সভায় মহান একুশের পবিত্রতা রক্ষার লক্ষ্যে ক্যাম্পাস পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য ছাত্র সংগঠনসমূহের প্রতি আহ্বান জানান হয়।